# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ তারিখ-

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১০/০২/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসঙ্গে।
৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে ।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৬৯

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি'র (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১০/০২/২০২০খ্রিঃ। |
| রোজ | ঃ সোমবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১৬/০১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত ১৬/০১/২০২০ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে আলোচনা কালে বলেন, গত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক UGIIP-III প্রকল্পের অর্থায়নে চলমান ০৭টি বস্তিতে ভৌত কাজ বাস্তবায়নের জন্য বস্তি সমূহে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে বস্তি উন্নয়ন কমিটির নামে খোলা অগ্রণী ব্যাংক হিসাবে পৌরসভার ব্যাংক হিসাব থেকে ২৫% হিসেবে টাকা স্থানান্তরের জন্য মেয়র মহোদয় বরাবর আবেদন করেছেন। সে আবেদনের প্রেক্ষিতে পৌরসভার হিসাব হতে স্ব স্ব বস্তির নামে খোলা ব্যাংক হিসাবে গত ০৩/০২/২০২০ ইং তারিখে টাকা স্থানান্তর করা হয়েছে। প্রসঙ্গক্রমে এ কমিটির সদস্য জনাব মিসেস রোজী বেগম বলেন, আমরা জানি বস্তি উন্নয়ন কাজের টাকা প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে বস্তি সমূহে বস্তি উন্নয়ন কমিটির সভা করে টাকা উত্তোলনের ব্যবস্থা সহ মালামাল ক্রয়ের সিদ্ধান্ত নিয়ে কাজ শুরু করা হয়। যেহেতু বস্তি উন্নয়ন কমিটির নামে খোলা ব্যাংক হিসাবে ২য় পর্যায়ের ভৌত কাজের জন্য পৌরসভার হতে টাকা স্থানান্তর করা হয়েছে, তাই কাজের সার্বিক অগ্রগতি বিষয়ে জানতে চাই। সভাপতি বর্তমানে বস্তির ভৌত কাজের সার্বিক অগ্রগতি সভায় তুলে ধরার জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ হাসানুজ্জামান অনুরোধ করলে, মোঃ হাসানুজ্জামান বলেন, অধিকাংশ বস্তি সমূহে বস্তি উন্নয়ন কমিটির মিটিং করে টাকা উত্তোলনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে কাজ শুরু করতে কিছুটা দেরী হচ্ছে, কারণ দীর্ঘদিন পর বস্তির কাজ শুরু হওয়ার ফলে বস্তির কাজের সাথে সম্পৃক্ত মিস্ত্রিরা অন্য জায়গায় কাজে ব্যস্ত থাকায় তারা বস্তির কাজ শুরু করতে কিছুটা বিলম্ব করছে , আশা করা যাচ্ছে অল্প কিছু দিনের মধ্যে বস্তির কাজ শুর করা সম্ভব হবে এবং পৌরসভার ইঞ্জিনিয়ারদের দেওয়া মালামালের হিসাব অনুযায়ী বস্তি সমূহে গঠিত ক্রয় কমিটির মাধ্যমে মালমাল করা হবে।

**সিদ্ধান্ত** ঃ UGIIP-III প্রকল্পের অর্থায়নে চলমান ০৭টি বস্তিতে ভৌত কাজ বাস্তবায়নের জন্য ০৭ টি বস্তিতে নিয়োগকৃত মিস্ত্রিদের সাথে যোগাযোগ করে দ্রুত কাজ শুরু করা এবং বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়ন এবং এ কমিটির সকল সদস্য বস্তি উন্নয়নের কাজ তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলে।

আলোচ্য সূচী-৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে ।

আলোচনাঃ জয়পুরহাট পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার রাজস্ব খাত হতে পৌর এলাকার দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই সহ অন্যান্য শিক্ষা সামগ্রী বিতরন করার লক্ষ্যে শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী পৌরসভা কার্যালয়ে মিলনায়তনে আগামী ০৫ মার্চ ২০২০ তারিখে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী তুলে দেওয়ার জন্য মেয়র মহোদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত প্রদান করেন।

জনাবা মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, এটি একটি ভাল উদ্যেগ। শিক্ষা সামগ্রী বিতরন অনুষ্ঠান সুষ্ঠুভাবে করার জন্য অনুষ্ঠান পরিচালনা কমিটি গঠন গঠন করা যেতে পারে ।

জনাবা মোছাঃ মর্জিনা বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী) বলেন, শিক্ষা সামগ্রী পাবার তালিকা ভুক্ত শিক্ষার্থীদের অনুষ্ঠান সুচী মোতাবেক সঠিক সময়ে উপস্থিত হওয়ার এবং শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী পৃথকীকরণ করে সাজিয়ে রেখে তালিকা অনুযায়ী বিতরন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ-** দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী বিতরনের জন্য শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী সাজানো সহ অনুষ্ঠান পরিচালনার জন্য মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কমিটি গঠন করা এবং অনুষ্ঠানটি সফল করার লক্ষ্যে এ কমিটির পক্ষথেকে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০/

তারিখ-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ ১০/০২/২০২০ ইং। |
| রোজ | ঃ সোমবার। |
| সময় | ঃ ১১.০০ ঘটিকা। |

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | সাহানাজ |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | মর্জিনা |